

💵 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৯]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (১ মাসজিদ ও সালাতের স্থানসমূহ)

পরিচ্ছেদঃ ২৭. তাকবীরে তাহরীমা ও কিরআতের মধ্যে কি পাঠ করবে

باب مَا يُقَالُ بَيْنَ تَكْبِيرَةِ الإِحْرَامِ وَالْقِرَاءَةِ

আরবী

قَالَ مُسْلِمٌ وَحُدِّثْتُ عَنْ يَحْيَى بْنِ حَسَّانَ، وَيُونُسَ الْمُؤدِّبِ، و غَيْرِهِمَا قَالُوا حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، قَالَ حَدَّثَنِي عُمَارَةُ بْنُ الْقَعْقَاعِ، حَدَّثَنَا أَبُو زُرْعَةَ، قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا نَهَضَ مِنَ الرَّكْعَةِ التَّانِيَةِ اسْتَفْتَحَ الْقِرَاءَةَ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) وَلَمْ يَسْكُتْ .

বাংলা

১২৪৩-(১৪৮/৫৯৯) ইমাম মুসলিম বলেছেনঃ ইয়াহইয়া ইবনু হাস্সান এবং ইউনুস আল মুআদ্দিব ও অন্যান্য আবদুল ওয়াহিদ ইবনু যিয়াদ ও উমারাহ ইবনু কা-কা এর মাধ্যমে আবৃ যুর'আহ থেকে আমার কাছে বর্ণনা করা হয়েছে। আবৃ যুর'আহ বলেছেন, আমি আবৃ হুরায়রাহ (রাযিঃ)-কে বলতে শুনেছিঃ সালাতে রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম দ্বিতীয় রাকাআত শেষে উঠে দাঁড়িয়ে "আল হামদুলিল্লা-হি রব্বিল আ-লামীন" বলে শুরু করতেন। চুপ থাকতেন না (অর্থাৎ- দ্বিতীয় রাকাআত থেকে উঠা এবং সূরাহ ফা-তিহাহ পাঠের মাঝখানে কোন বিরতি থাকত না)। (ইসলামী ফাউন্ডেশন ১২৩১, ইসলামীক সেন্টার ১২৪৪)

English

Abu Huraira reported that when the Messenger of Allah (ﷺ) stood up for the second rak'ah he opened it with the recitation of the praise of Allah, the Lord of universe (al-Fatiha), and he did not observe silence (before the recitation of al-Fatiha).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন